

## শিক্ষা অফিস

## স্থানান্তর চাই

সরকারী নির্দেশ থাকা সত্ত্বেও ঢাকা শহরের থানা শিক্ষা অফিসগুলি নিজ নিজ এলাকায় স্থানান্তর করা হইতেছে না। ঢাকা সদর কোতোয়ালী থানার শিক্ষা অফিস ও রমনা থানা শিক্ষা অফিস বর্তমানে সূত্রাপুর থানা এলাকায় কাজ করিতেছে। অথচ বিনা ভাড়ায় সরকারী ভবন পাওয়া সত্ত্বেও ভাড়াটে বাড়িতে মাস মাহিনায় সরকারী অর্থ ব্যয়ের কারণ আমাদের নিকট বোধগম্য নহে। তাছাড়া লালবাগ থানা শিক্ষা অফিস ও মতিঝিল থানা শিক্ষা অফিস যদি থানা এলাকায় ভাড়া ছাড়া সরকারী ভবনে চলিতে পারে তবে কোতোয়ালী ও রমনা থানা শিক্ষা অফিস কেন পারে না। পূর্ববর্তী স্থানে অফিস স্থাপনের কারণে গত গত শিক্ষক-শিক্ষয়িত্রীকে দুর্ভোগ পোহাইতে হইতেছে। অতএব এব্যাপারে শিক্ষা বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি যাহাতে শিক্ষা অফিসগুলি নিজ নিজ থানা এলাকায় স্থানান্তরের ব্যবস্থা করা হয়।

—মোঃ আসাদউজ্জামান,  
সাধারণ সম্পাদক, ঢাকা মহানগরী  
প্রাথমিক শিক্ষক সমিতি, ঢাকা।